গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ঠাকুরগাঁও
সাধারণ শাখা
www.thakurgaon.gov.bd

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | মোহাম্মদ রফিকুল হক<br>জেলা প্রশাসক, ঠাকুরগাঁও |
| তারিখ: | ১৯ জুলাই ২০২৬ |
| স্থান: | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঠাকুরগাঁও |
| সময়: | সকাল ১০:০০টা |
| সভায় উপস্থিতি: | পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আগত নতুন দপ্তর প্রধানগণকে শুভেচ্ছা জানানো হয়। অতঃপর, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঠাকুরগাঁওকে বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। তিনি সকলকে অবহিত করেন যে, জুন ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ই-মেইলে প্রেরণ করা হয়েছে ও জেলা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কি না জানতে চাওয়া হয়। কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। এছাড়া কার্যপত্র অনুযায়ী দপ্তরভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হলো:

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঠাকুরগাঁও | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন যে, এ জেলার ৮৩টি দপ্তরের ওয়েব পোর্টালের মধ্যে ৩৭টি দপ্তরের ৮০% এর নিচে; ৫টি দপ্তরের ৮০-৯০%; ৬টি দপ্তরের ৯১-৯৯% এবং ৩৫টি দপ্তরের ১০০% হালনাগাদ হয়েছে। এছাড়া নিজ দপ্তরের ওয়েব পোর্টাল রিপোর্ট জেনারেট করে প্রয়োজনীয় ব্যবস্থা ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে। | সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। জেলা পর্যায়ে দপ্তরসমূহে ডি-নথি কার্যক্রম জোরদার করতে হবে। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ২ | পুলিশ বিভাগ | পুলিশ সুপার, ঠাকুরগাঁও এর প্রতিনিধি বলেন, জেলার প্রয়োজনীয় নিরাপত্তা ও সার্বিক আইনশৃঙ্খলা রক্ষার্থে পুলিশ বাহিনী তৎপর রয়েছে। এ জেলায় মাদক নির্মূলে সচেতনতা প্রচার কার্যক্রম জোরদার করা হচ্ছে। এছাড়া অন্যান্য পুলিশি কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জেলায় আত্মহত্যা, মাদক ও চুরি রোধে বিশেষ উদ্যোগ গ্রহণসহ টহল জোরদার করতে হবে। | পুলিশ সুপার, ঠাকুরগাঁও |
| ৩ | জেলা পরিষদ, ঠাকুরগাঁও | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও এর প্রতিনিধি বলেন যে, ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কার্যক্রম চলমান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ১) সকল প্রকল্প কার্যক্রম ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।<br>২) বাস্তবায়িত প্রকল্পসমূহের তালিকা জনসাধারণের অবগতির জন্য ওয়েব পোর্টালসহ দৃশ্যমান স্থানে প্রকাশ করতে হবে। | নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও |
| ৪ | স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, ঠাকুরগাঁও বলেন যে, এ জেলার প্রত্যেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমান সময়ে সাপের কামড়ের অ্যান্টিভেনম মজুদ রয়েছে। বর্তমান সময়ে হামের প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া নবগঠিত রুহিয়া ও ভূল্লী নতুন উপজেলা হাসপাতালের জন্য জমি নির্বাচনের | ১) প্রত্যেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাপের কামড়ের অ্যান্টিভেনম মজুদ রাখতে হবে।<br>২) নবগঠিত রুহিয়া ও ভূল্লী উপজেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করতে হবে।<br>৩) জেলা ও উপজেলা পর্যায়ে | ১। সিভিল সার্জন, ঠাকুরগাঁও<br>২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রক্রিয়া চলমান রয়েছে। | বেসরকারি অবৈধ ক্লিনিকসমূহ বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | |
| ৫ | ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঠাকুরগাঁও প্রতিনিধি বলেন যে, হাসপাতালে রোগীদের স্বাস্থ্যসেবার মান স্বাভাবিক রয়েছে। জুন ২০২৬ মাসে হাসপাতালের বহিঃবিভাগে ১৭,২৯২ জন, অন্তঃবিভাগে ৬,৭৮৯ জন, জরুরি বিভাগে ১,৫৩৪ জন, ইওসি (প্রসূতি) ২,৪০৮ জন, ভিআইএ ও সিবিই ১৭৬ জন, প্যাথলজি বিভাগে ১,৫৫৯ জন, রক্ত সঞ্চালন বিভাগে ৭০০ জন ও ইসিজি বিভাগে ৬৫৬ জন রোগী সেবা গ্রহণ করেছেন। সেবা গ্রহণ হতে জুন ২০২৬ মাসে ১৪,৮৫,১৯০/- টাকা আয় হয়েছে। জুন ২০২৬ মাসে ৩০ জন রোগীকে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | হাসপাতালে পদায়িত ডাক্তারগণ নিয়মিত রোগী দেখবেন এবং সিডিউল করে ২৪ ঘন্টায় প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করবেন। | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঠাকুরগাঁও |
| ৬ | ঠাকুরগাঁও সরকারি কলেজ | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও এর প্রতিনিধি বলেন যে, একাডেমিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কলেজের হোস্টেলের নির্মাণ কাজ, সরকারি কলেজ জামে মসজিদের প্রাচীর নির্মাণ কাজ, ছাত্রী হোস্টেলের মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | ১) ক্লাস ও পরীক্ষাসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। এছাড়া সরকারি কলেজ জামে মসজিদের প্রাচীর নির্মাণ কাজ, ছাত্রী হোস্টেলের মেরামত কার্যক্রম তদারকি করতে হবে।<br>২) সীমানা প্রাচীর ও পর্যাপ্ত আলো/লাইটিং এর ব্যবস্থা করতে হবে। | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও |
| ৭ | ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজের প্রতিনিধি বলেন, কলেজের ক্লাস, পরীক্ষা ও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এছাড়া মেরামত সংস্কার কাজ চলমান রয়েছে। | ক্লাস ও পরীক্ষাসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। মেরামত সংস্কার কাজ নিয়মিত তদারকি করতে হবে। | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও |
| ৮ | পীরগঞ্জ সরকারি কলেজ | অধ্যক্ষ, পীরগঞ্জ সরকারি কলেজ সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অধ্যক্ষ, পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও |
| ৯ | ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট | অধ্যক্ষ, ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অধ্যক্ষ, ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট |
| ১০ | ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ বলেন যে, প্রতিষ্ঠানের প্রধান ফটক নির্মাণের জন্য গাছ কর্তনের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান। | শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব জায়গার গাছ কর্তনের ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা/ পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ |
| ১১ | জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও বলেন, এ জেলার পিছিয়ে পড়া মাধ্যমিক বিদ্যালয়ের মানোন্নয়নে খন্ডকালীন শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) প্রতি মাসে ০৫টি মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করতে হবে।<br>২) চাকুরী প্রার্থী শিক্ষার্থীদের মধ্যে থেকে খন্ডকালীন শিক্ষক হিসেবে আগ্রহী শিক্ষার্থীদের তালিকা প্রণয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও |
| ১২ | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, ঠাকুরগাঁও সদর উপজেলায় উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদিত পদ ১৩টি, পদায়িত রয়েছে ৪ (চার) জন। ০৯ (নয়) টি পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় পদায়ন করা প্রয়োজন। পিইডিপি-৪ প্রকল্পের | ১) প্রতি মাসে ০৫টি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করতে হবে।<br>২) প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থী যেকোন একটি ক্লাব কার্যক্রমে অংশগ্রহণ করবে। | ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও<br>২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আওতায় বিদ্যালয়ের নির্মাণ কাজ ও ওয়াশব্লক তৈরির কাজ দ্রুত সম্পন্ন করার ব্যাপারে আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ৩) সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের অসমাপ্ত নির্মাণ কাজ ও ওয়াশ ব্লক তৈরির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ডিপিএইচই, ঠাকুরগাঁও |
| ১৩ | গণপূর্ত বিভাগ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও বলেন যে, নবগঠিত উপজেলার থানা ভবন নির্মাণ ও স্টুডিও অ্যাপার্টমেন্ট নির্মাণ করতে হবে। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহ ৫০ শয্যা হতে ১০১ শয্যায় উন্নীতকরণের কার্যক্রম চলমান। গৃহীত অন্যান্য প্রকল্পসমূহ চলমান রয়েছে। | ১) স্টুডিও এ্যাপার্টমেন্ট নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করতে হবে।<br>২) গণপূর্ত বিভাগের অধীন নির্মাণ কাজ সম্পাদনে নিয়োগকৃত ঠিকাদারদের নির্মাণকালীন সময়ের বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও |
| ১৪ | সড়ক ও জনপথ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ বলেন, Construction of 06 (Six) Nos Bridges under Damaged, Narrow and Important locations Bailey & Other Risky Bridges Replacement Project (Rangpur Zone) 01 (One) no at 7th Km of Nekmorod-Dharmagarh Road (Z-5029), 01 (One) no No at 5th Km of Ranisankail-Horipur Road (Z-5004), 01(One) no at 12th Km of Thakurgaon- Ruhea Road (Z-5059) and 01(One) no at 2nd Km, 01 (One) no at 10th Km & 01 No at 22nd Km of Thakurgaon-Goreya-Jharbari–Khanshama Road (Z-5016) (Package-WP-06) প্রকল্প চলমান রয়েছে। এছাড়াও ঠাকুরগাঁও সড়ক বিভাগাধীন সড়কসমূহের বিভাগীয় মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | ১) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরের সামনে রাস্তায় জেব্রা ক্রসিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) বাসস্ট্যান্ড হতে গড়েয়া রাস্তায় অবৈধ দোকান উচ্ছেদ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) সড়ক বিভাগাধীন সড়কসমূহের বিভাগীয় মেরামত অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঠাকুরগাঁও |
| ১৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, চলতি অর্থবছরে ২৪টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। গড় অগ্রগতি ৯৪%। ২৪৪টি সড়কের নতুন আইডিভুক্তকরণের গেজেট প্রকাশিত হয়। এলজিইডির আওতাধীন চলমান ৮টি ব্রিজের নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে জমি অধিগ্রহণ প্রয়োজন। এছাড়া আরইআরএমপি-৩ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলায় ৫৪০ জন মহিলা কাজ করতো। গত ২ বছর যাবৎ উক্ত প্রকল্পটি বন্ধ রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) এলজিইডির আওতাধীন চলমান ৮টি ব্রিজের নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে জমি অধিগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) আরইআরএমপি-৩ (৩য় পর্যায়) প্রকল্পের কার্যক্রম চালু করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, চলমান প্রকল্পসহ সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া প্রকল্পভুক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | ১) প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত শেষ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) ঠাকুরগাঁও সরকারি কলেজের সামনে ড্রেনের উপরে স্ল্যাব নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ১৭ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক এ জেলায় ঠাকুরগাঁও ইঞ্জিনিয়ারিং কলেজসহ ০৫টি প্রকল্পের আওতাভুক্ত ৮৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠানে কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ঠাকুরগাঁও ইঞ্জিনিয়ারিং কলেজ নির্মাণ কাজের গড় অগ্রগতি ৭৯%। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) চলমান সকল কাজের গুণগতমান সর্বোচ্চ পর্যায়ে রাখতে হবে।<br>২) ঠাকুরগাঁও ইঞ্জিনিয়ারিং কলেজ নির্মাণ কাজ যথাসময়ে শেষ করতে হবে ও কাজের গুণগত মান বজায় রাখতে নিয়মিত পরিদর্শন ও তদারকি করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | কৃষি বিভাগ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, খরিপ-২/২০২৬-২৭ মৌসুমে রোপা আমন, সবজি, মরিচ মাষকলাই আবাদ চলমান। খরিপ-১/২০২৬-২৭ মৌসুমে আউশ, গ্রীষ্মকালীন ভুট্টা, পাট ও শাকসবজির কর্তন চলমান রয়েছে। সরকার প্রদত্ত কৃষি প্রণোদনা ও ভর্তুকি কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ভেজাল সার ও বালাইনাশকসমূহ জব্দ ও ধ্বংস করার কার্যক্রম চলমান রয়েছে। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। | ১) কৃষি প্রণোদনা কার্যক্রমের আওতায় নির্বাচিত কৃষককে প্রণোদনা উপকরণসমূহ যথাযথভাবে বিতরণ করতে হবে। আসন্ন আমন মৌসুমে রাসায়নিক সারের মজুদ ও সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) প্রয়োজনীয় এলাকায় মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের বিষয়ে চাহিদা প্রেরণ করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ১৯ | জেলা বীজ প্রত্যয়ন এজেন্সি | জেলা বীজ প্রত্যয়ন অফিসার, ঠাকুরগাঁও বলেন, জেলা হতে বিভিন্ন ফসলের মানসম্মত বীজ উৎপাদনের ক্ষেত্রে নিয়মিত তদারকি ও কৃষকদের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া মেয়াদ উত্তীর্ণ ও নিম্নমানের ভেজাল বীজ বিক্রির দায়ে ১২ জন অসাধু বীজ ব্যবসায়ীকে ৩২,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অসাধু বীজ ব্যবসায়ীদের চিহ্নিত করে শাস্তির আওতায় নিয়ে আসতে হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা বীজ প্রত্যয়ন অফিসার, ঠাকুরগাঁও |
| ২০ | বিএডিসি (বীপ্র) | উপপরিচালক, বিএডিসি (বীপ্র), ঠাকুরগাঁও বলেন যে, বিএডিসির অধীনে ফসল সংগ্রহ লক্ষ্যমাত্রা ১২,৩১০.৫২৫ মে.টনের মধ্যে ৯,৬০৭.৯৪০ মে.টন সংগ্রহ করা হয়েছে এবং বরাদ্দকৃত বীজ ১৭৭.৫০০ মে.টনের মধ্যে ১৯১.৬৫ মে.টন বিতরণ করা হয়েছে। জেলায় ফসল সংগ্রহ, স্থানান্তর ও বিতরণ কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিএডিসি এর আওতাধীন খামার এলাকার পার্শ্বে টাঙ্গন নদীর পাড় মেরামত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপপরিচালক, বিএডিসি (বীপ্র), ঠাকুরগাঁও<br>২) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও |
| ২১ | বিএডিসি (ক্ষুদ্র সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), ঠাকুরগাঁও বলেন, কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানির অপচয়রোধ ও কৃষিতে আধুনিক সেচ প্রদানের নিমিত্তে সৌরশক্তি চালিত সেচযন্ত্র স্থাপন। কৃষি কাজে জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে এ জেলায় দুটি ওয়ারপার্সিং স্ট্রাকচার নির্মাণ কাজ হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) আসন্ন খরিপ মৌসুমে সেচ কার্যক্রম ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।<br>২) সোলার সেচ পাম্প চুরি রোধে পানি ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম জোরদার করতে হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), ঠাকুরগাঁও |
| ২২ | খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও বলেন, জেলায় বর্তমানে ৪১,৯২৫ মে.টন চাল (সিদ্ধ), ৪১২ মে.টন চাল (আতপ), ২,৫৫৭ মে.টন বোরো ধান ও ৩৫০ মে.টন গম মজুদ আছে। খাদ্যশস্যের মজুদ সন্তোষজনক। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ মৌসুমে চলমান রয়েছে। এছাড়া ওএমএস কার্যক্রমের আওতায় জেলা সদরে ১২ জন ওএমএস ডিলারের মাধ্যমে নিয়মিত বিতরণ চলমান রয়েছে। | হাস্কিং ও অটো রাইস মিল মালিকদের মিল পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল সনদ এবং ছাড়পত্র হালনাগাদ করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও |
| ২৩ | জেলা প্রাণিসম্পদ বিভাগ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ২৪ | জেলা মৎস্য বিভাগ | জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও বলেন যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের আওতায় পীরগঞ্জ ও ঠাকুরগাঁও সদর উপজেলায় মোট ৮ জন চাষীর মাঝে ৮টি এরটরসহ উপকরণ বিতরণ করা হয়েছে। | ১) আফ্রিকান মাগুর, পিরানহা ও অন্যান্য বিদেশি মাছ চাষ/বিক্রয় বন্ধ এবং রং মেশানো মাছ বাজারে বিক্রয় বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া মোবাইল কোর্ট অভিযানে চায়না দুয়ারী জাল, কারেন্ট জাল ব্যবহার নিষিদ্ধ ও মাছে রং মেশানো বিষয়ে সকলকে সচেতন করা হচ্ছে। | ২) এছাড়া জেলার মৎস্য অভয়াশ্রম গুলোতে নজরদারী বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (সকল), ঠাকুরগাঁও |
| ২৫ | পানি উন্নয়ন বোর্ড | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও বলেন, জেলার টাঙ্গন ব্যারেজ, বুড়ি বাঁধ সেচ প্রকল্পসমূহ পুনর্বাসন, নদী তীর সংরক্ষণ ও সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ প্রকল্প ও ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প এর কাজ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নেহা নদীসহ অন্যান্য খালসমূহের রেইনকাট দৃশ্যমান স্থানগুলোতে ভাঙ্গন প্রতিরোধের জন্য উপযুক্ত ঘাস/গাছ লাগাতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও |
| ২৬ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ঠাকুরগাঁও বলেন, সারাবছর সেচ সুবিধা গ্রহণপূর্বক ফসল উৎপাদন করার জন্য স্কীমভুক্ত কৃষকদের স্বার্থে সেচপাম্প চালু রাখতে গিয়ে সেচযন্ত্রের ট্রান্সফরমার, মোটর, লাইনের তার, ফিডার কেবল, প্রিপেইড মিটার, এনার্জিমিটার ইত্যাদি চুরি হচ্ছে। বিএমডিএ এর সেচযন্ত্রের কমান্ড এরিয়ার মধ্যে অবৈধভাবে ব্যক্তিগত সেচপাম্প স্থাপন বন্ধ করা প্রয়োজন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | ১) সেচপাম্প এর ট্রান্সফরমার, মোটর, লাইনের তার, ফিডার কেবল, প্রিপেইড মিটার, এনার্জিমিটার ইত্যাদি চুরি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) বিএমডিএ এর সেচযন্ত্রের কমান্ড এরিয়ার মধ্যে অবৈধভাবে ব্যক্তিগত সেচপাম্প স্থাপন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) পুলিশ সুপার, ঠাকুরগাঁও<br>২) নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ঠাকুরগাঁও<br>৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও |
| ২৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, ঠাকুরগাঁও সদর উপজেলায় অ্যানেসথেশিয়ার উপর প্রশিক্ষণ প্রাপ্ত অথবা ডিগ্রি প্রাপ্ত (যেমন- ডিআইএ) একজন মেডিকেল অফিসার (এমও এমসিএইচ-এফপি) পদায়ন করা প্রয়োজন। গত ১১ জুলাই ২০২৬ তারিখ বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) ঠাকুরগাঁও সদর উপজেলায় অ্যানেসথেশিয়ার উপর প্রশিক্ষণ প্রাপ্ত অথবা ডিগ্রি প্রাপ্ত (যেমন- ডিআইএ) একজন মেডিকেল অফিসার (এমও এমসিএইচ-এফপি) পদায়নের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br>২) অফিস চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ২৮ | ঠাকুরগাঁও পৌরসভা | প্রশাসক, ঠাকুরগাঁও পৌরসভা বলেন যে, পৌরসভার আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে। | ১) জেলা শহরের রাস্তার সাথে দোকানের বাইরে ফুটপাত দখল বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) টাঙ্গন ব্রীজ হতে ঠাকুরগাঁও রোড পর্যন্ত রাস্তার লাইট মেরামত করতে হবে। | প্রশাসক, ঠাকুরগাঁও পৌরসভা |
| ২৯ | পীরগঞ্জ পৌরসভা | প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা বলেন যে, পৌরসভার আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করতে হবে। | প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা |
| ৩০ | রাণীশংকৈল পৌরসভা | প্রশাসক, রাণীশংকৈল পৌরসভা বলেন যে, পৌরসভার আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করতে হবে। | প্রশাসক, রাণীশংকৈল পৌরসভা |
| ৩১ | জেলা সমাজসেবা কার্যালয় | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও |
| ৩২ | জেলা সমবায় বিভাগ | জেলা সমবায় অফিসার, ঠাকুরগাঁও বলেন, এ জেলার নিবন্ধনকৃত কেন্দ্রীয় সমিতির সংখ্যা ৮টি, সদস্য সংখ্যা ৪৭৭ জন এবং প্রাথমিক সমিতির সংখ্যা ৭০৬টি, সদস্য সংখ্যা ৮৭,৪৭৮ জন। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে | ১) সমবায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে জায়গা নির্ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা সমবায় অফিসার, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলছে। | | |
| ৩৩ | জেলা নির্বাচন অফিস | জেলা নির্বাচন অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, নতুন ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয় পত্র (এনআইডি) সংশোধন কার্যক্রম উপজেলা নির্বাচন অফিসসমূহে চলমান রয়েছে। এছাড়া, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আসন্ন স্থানীয় সরকার নির্বাচনের জন্য এ জেলার ভোটার কেন্দ্র তালিকা চূড়ান্ত করতে হবে। দাপ্তরিক সকল কাযক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা নির্বাচন অফিসার, ঠাকুরগাঁও |
| ৩৪ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন, 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রমের জুলাই/২৫ হতে জুন/২৭ পর্যন্ত মোট ১২,৮৮২ জন উপকারভোগীর মাঝে জুন ২০২৬ মাসের খাদ্য বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী ও হরিপুর উপজেলায় প্রতিমাসে ১৫ জন এবং ঠাকুরগাঁও সদর ও রাণীশংকৈল উপজেলায় প্রতিমাসে ১০ জন করে উপকারভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান। | ১) চলমান প্রকল্পগুলোর কার্যক্রম ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।<br>২) উপকারভোগীদের মাঝে নিয়মিতভাবে বাল্য বিবাহ, যৌতুক ও মাদকের কুফল এবং বিদ্যালয়গামী শিশুদের নিয়মিত বিদ্যালয়ে প্রেরণের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম চালাতে হবে।<br>৩) জেলায় বাল্য বিবাহ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও<br>২) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৩৫ | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দপ্তর | জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঠাকুরগাঁও |
| ৩৬ | নেসকো পিএলসি | নির্বাহী প্রকৌশলী, নেসকো. লি:, ঠাকুরগাঁও বলেন যে, বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রয়েছে। যে সকল দপ্তরের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের জন্য সকলকে অনুরোধ জানানো হচ্ছে। জনগণকে প্রিপেইড মিটার স্থাপনের জন্য আহ্বান করা হচ্ছে। | ১) নিয়মিতভাবে ব্যবসা প্রতিষ্ঠান/ দোকান এবং অন্যান্য স্থাপনায় মানসম্পন্ন ওয়্যারিং হয়েছে কিনা তা তদারকি করতে হবে।<br>২) প্রিপেইড মিটারের কার্যক্রম সম্প্রসারণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, নেসকো পিএলসি, ঠাকুরগাঁও |
| ৩৭ | পল্লী বিদ্যুৎ সমিতি | জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি বলেন যে, জেলায় মোট নির্মিত লাইন ৭,৮১৬.৪৫ কি.মি ও গ্রাহক সংখ্যা ৪,২৪,৬৬৬ জন। জেলার ১৯২টি সরকারি অফিসে বিদ্যুৎ বিল ৩৯,২৬,২৩৩/- টাকা বকেয়া রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জেলার বকেয়া বিদ্যুৎ বিল থাকা প্রতিষ্ঠানসমূহে বিল পরিশোধের জন্য পত্র দিতে হবে। | জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঠাকুরগাঁও |
| ৩৮ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৩৯ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। প্রেরিত কার্যপত্রে দেখা যায় যে, ০৮টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন প্রকল্পে ঋণ সেবা প্রদান কার্যক্রম চলমান এবং ঋণ আদায়ের হার ৮১%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | প্রকল্পসমূহ ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। চলমান প্রকল্পসমূহের প্রয়োজনীয় তদারকি ও নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপপরিচালক, বিআরডিবি, ঠাকুরগাঁও |
| ৪০ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঠাকুরগাঁও বলেন যে, এ জেলায় 'বিশেষ কার্যক্রম: কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ কোর্স' শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় প্রশিক্ষণ পরিচালনার জন্য কারিগরি প্রতিষ্ঠান নির্বাচন, চাহিদা মোতাবেক ট্রেড ও শিক্ষার্থী যাচাই-বাছাই কার্যক্রম শুরু হয়েছে। | গৃহীত প্রকল্পের আওতায় প্রশিক্ষণ পরিচালনার জন্য কারিগরি প্রতিষ্ঠান নির্বাচন, চাহিদা মোতাবেক ট্রেড ও শিক্ষার্থী যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪১ | পল্লী সঞ্চয় ব্যাংক | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, ঠাকুরগাঁও বলেন যে, ব্যাংকের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। ঋণ আদায়ের হার বদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, ঠাকুরগাঁও |
| ৪২ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ঠাকুরগাঁও এর প্রতিনিধি বলেন যে, ঠাকুরগাঁও জেলায় ক্ষুদ্র ঋণ সমিতির সংখ্যা ৯৪৫টি, সদস্য সংখ্যা ২২,০৬৫ জন, ঋণ আদায়ের হার ৯৮%; সেল্প ঋণ উদ্যোক্তার সংখ্যা ১,১৩৪ জন, ঋণ আদায়ের হার ৯৮%; নারী উদ্যোক্তাদের ঋণ কার্যক্রমের উদ্যোক্তার সংখ্যা ১,০৫২ জন, ঋণ আদায়ের হার ৯৯%; প্রণোদনা ২য় পর্যায় ঋণ উদ্যোক্তার সংখ্যা ৩০০ জন, ঋণ আদায়ের হার ৯৯% ও কৃষি জীবিকায়ন ঋণের উদ্যোক্তার সংখ্যা ১০৯ জন, ঋণ আদায়ের হার ১০০%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমিতির সদস্যদের মাঝে নিয়মিতভাবে বাল্য বিবাহ, যৌতুক এবং মাদকের কুফল এবং বিদ্যালয়গামী শিশুদের নিয়মিত বিদ্যালয়ে প্রেরণের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম চালাতে হবে। | উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ঠাকুরগাঁও |
| ৪৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঠাকুরগাঁও বলেন, ঠাকুরগাঁও ফায়ার স্টেশনের সামনের রাস্তায় পারাপারের জেব্রা ক্রসিং করা প্রয়োজন। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঠাকুরগাঁও |
| ৪৪ | ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন ২০২৬ মাসে ৯টি বাজার তদারকিমূলক অভিযানে ২৭টি প্রতিষ্ঠানে ৭৬,০০০/- টাকা জরিমানা আরোপ করা হয়েছে। এ কার্যালয়ে জুন ২০২৬ মাসে ১৩টি লিখিত অভিযোগ পাওয়া যায় এবং ১২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। এছাড়াও বাজার তদারকিকালে গণশুনানী করা হয় এবং লিফলেট বিতরণ করা হয়। | ১) বাজার তদারকিমূলক অভিযান অব্যাহত রাখতে হবে। নকল, ভেজাল ও পণ্যের মূল্য বেশি গ্রহণ রোধে অভিযান বাড়াতে হবে।<br>২) মূল্য তালিকা এবং বাজারগুলোতে পণ্যের টোল রেট প্রদর্শিত রয়েছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে।<br>৩। অভিযান পরিচালনাকালে রাস্তার ফুটপাত দখলমুক্ত রাখতে জনসাধারণকে সচেতন করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৪৫ | ঠাকুরগাঁও সুগার মিলস্ লিমিটেড | ব্যবস্থাপনা পরিচালক, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ব্যবস্থাপনা পরিচালক, ঠাকুরগাঁও সুগার মিলস্ লিমিটেড, ঠাকুরগাঁও |
| ৪৬ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটিরশিল্প কর্পোরেশন (বিসিক) | উপ-ব্যবস্থাপক, বিসিক, ঠাকুরগাঁও বলেন One Stop Service System এর আওতায় মাঝারি, ক্ষুদ্র ও কুটির শিল্পের জুন ২০২৬ পর্যন্ত ৪৮৪টি শিল্পের নিবন্ধন প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে জুন ২০২৬ পর্যন্ত ৫৪ জন পুরুষ ও ৫৭ জন মহিলাসহ মোট ১০১ জন উদ্যোক্তাকে শিল্প উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। বিসিক নিজস্ব তহবিল (বিনিত) এর আওতায় ২৫ জন মহিলা ও ৭০ জন পুরুষসহ মোট ৯৫ জন উদ্যোক্তাকে ১৭২.৮৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। শিল্প উন্নয়নের লক্ষ্যে নিয়মিত শিল্প ইউনিটসমূহ পরিদর্শন ও বিসিক শিল্পনগরীতে যাতে ভেজাল/ নিষিদ্ধ পণ্য উৎপাদন করতে না পারে সে বিষয়ে তদারকি চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) বিসিক, জেলা কার্যালয় হতে বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী প্রকল্প পর্যন্ত সড়কের পাশে ড্রেন নির্মানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) বিসিক এর আওতায় জেলা পর্যায়ে দক্ষতা উন্নয়ন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) প্রশাসক, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও<br>২) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঠাকুরগাঁও<br>৩) উপব্যবস্থাপক, বিসিক, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৭ | বাংলাদেশ চা বোর্ড | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড় |
| ৪৮ | বন বিভাগ | সহকারী বন সংরক্ষক, ঠাকুরগাঁওয়ের প্রতিনিধি বলেন, এ জেলায় পরিচালন ব্যয় খাতের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে সরকারি নির্ধারিত মূল্য ৯/- টাকা হারে বিক্রয়ের জন্য ১১,২৫০টি চারা ও ৩০.০০ সি.কি.মি. স্ট্রীপ বাগান সৃজনের কার্যক্রম চলমান। অবৈধ করাতকল বন্ধে অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। | ১) দাপ্তরিক কার্যক্রম ও অবৈধ করাত কল বন্ধে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখতে হবে।<br>২) আবর্তনকাল শেষে গাছ কর্তনপূর্বক উপকারভোগীদের মাঝে লভ্যাংশ প্রদান স্বাভাবিক রাখতে হবে। | সহকারী বন সংরক্ষক, ঠাকুরগাঁও |
| ৪৯ | পাট অধিদপ্তর | পাট উন্নয়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও বলেন যে, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে জুন ২০২৬ মাসে ০৪টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৫০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়। বাজারে পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে জনসচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও<br>২। পাট উন্নয়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ৫০ | ইসলামিক ফাউন্ডেশন | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঠাকুরগাঁও বলেন, সন্ত্রাস, উগ্রবাদ, মাদক, নারী নির্যাতন, বাল্যবিবাহ, খাদ্যে ভেজাল ও মজুদদারি বিরোধী প্রচারণা চলমান রয়েছে। | ১) রাণীশংকেল উপজেলা মডেল মসজিদ উদ্বোধনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) সরকারিভাবে হজযাত্রী প্রেরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঠাকুরগাঁও |
| ৫১ | মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম | সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। প্রেরিত কার্যপত্রে দেখা যায় যে, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়ের অধীন ১১৬টি প্রাক প্রাথমিক, ২৩টি ধর্মীয় শিক্ষাকেন্দ্র (শিশু) এবং ৩২টি ধর্মীয় শিক্ষাকেন্দ্র (বয়স্ক) সহ মোট ১৭১টি শিক্ষাকেন্দ্রে চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। এছাড়া শিক্ষাকেন্দ্রসমূহ নিয়মিত তদারকি ও পরিদর্শন করতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম |
| ৫২ | জেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও জানান, সেবা গ্রহীতাদের নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। এনডিডি কর্ণার ও অটিজমের জুন ২০২৬ পর্যন্ত মোট ২,২৯,৩৯১ জন সেবা গ্রহীতাকে সেবা প্রদান করা হয়। মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে জুন ২০২৬ পর্যন্ত ১২,৪০৬ জনকে সেবা প্রদান করা হয়। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ৫৩ | জেলা শিশু একাডেমি | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ৫৪ | জেলা শিল্পকলা একাডেমি | জেলা কালচারাল অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, জেলা শিল্পকলা একাডেমি প্রশিক্ষণ কেন্দ্রের সঙ্গীত, নৃত্যকলা, আবৃত্তি, চারুকলা ও তালবাদ্যযন্ত্র তবলা বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। এছাড়া জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নজরুল বর্ষ পালন করা হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | ১) নজরুল বর্ষ উপলক্ষ্যে ‘দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার কর্মপরিকল্পনা’ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) গ্রামাঞ্চলে ছড়িয়ে থাকা শিল্পীদের নিয়ে মাটির গান নামক প্রতিভা অন্বেষণমূলক প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | জেলা কালচারাল অফিসার, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৫ | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, ঠাকুরগাঁও বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে সঞ্চয়পত্র জুন ২০২৬ পর্যন্ত ৪১.৪০ কোটি টাকা বিক্রয় হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সঞ্চয়পত্র বিক্রয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, ঠাকুরগাঁও |
| ৫৬ | ক্রীড়া দপ্তর | জেলা ক্রীড়া অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, নতুন কুঁড়ি উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ড্রপডাউন ব্যানার প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপন করা প্রয়োজন। এছাড়া জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন সম্পন্ন করা প্রয়োজন। | ১) নতুন কুঁড়ি উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ড্রপডাউন ব্যানার প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমে সহযোগিতা ও সমন্বয় প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও<br>২) জেলা ক্রীড়া অফিসার, ঠাকুরগাঁও |
| ৫৭ | পাসপোর্ট দপ্তর | উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও বলেন যে, জুন ২০২৬ মাসে ৭৮০ টি পাসপোর্টের আবেদন গ্রহণ ও ৮৮৯ টি পাসপোর্ট বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। হয়রানিমুক্তভাবে দ্রুত পাসপোর্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও |
| ৫৮ | জেলা পরিসংখ্যান অফিস | উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ঠাকুরগাঁও বলেন, বিবিএস কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের আওতায় স্ট্যাটিসটিক্যাল বিজনেস রেজিস্টার জরিপ, আবাসিক বাসস্থান সেবা জরিপ ২০২৬ অনাবাসিক আবাসন সেবা জরিপ ২০২৬ এবং রিয়েল এস্টেট প্রতিষ্ঠান জরিপ ২০২৬ জরিপের তথ্য উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল জরিপ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে। | উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ঠাকুরগাঁও |
| ৫৯ | বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও এর প্রতিনিধি বলেন যে, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও |
| ৬০ | জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স দপ্তর | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও বলেন, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বরাদ্দকৃত বিল অনলাইনে দাখিল ও পরিশোধ করা হচ্ছে। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। ২০২৬-২৭ অর্থবছরে বরাদ্দকৃত বিলসমূহ যথাসময়ে দ্রুততার সাথে প্রদান করতে হবে। | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও |
| ৬১ | জেলা তথ্য অফিস | জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, জুন ২০২৬ মাসে সড়ক প্রচারসহ 'শিশু কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম' বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | প্রচার প্রচারণাসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও |
| ৬২ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঠাকুরগাঁও বলেন যে, বিএডিসি ঠাকুরগাঁও হতে প্রাপ্ত ৬টি এবং কৃষক হতে প্রাপ্ত ৩৯টিসহ মোট ৪৫টি মৃত্তিকা নমুনা পরীক্ষার ফলাফল ও সার সুপারিশ কার্ড প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) মৃত্তিকা নমুনা পরীক্ষার ফলাফল ও সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) সকল কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঠাকুরগাঁও |
| ৬৩ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নিরাপদ খাদ্য অফিসার, ঠাকুরগাঁও বলেন যে, খাদ্য নিরাপদ পরীক্ষার নিমিত্ত জুন ২০২৬ মাসে ফ্রুট ড্রিংস এর ০২টি নমুনা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ০৫টি খাদ্য | দায়েরকৃত মামলাসমূহ নিয়মিত তদারকি করতে হবে। এছাড়া নিরাপদ খাদ্য বিষয়ক ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিরাপদ খাদ্য আইন অনুযায়ী বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা চলমান রয়েছে। | | |
| ৬৪ | ঔষধ প্রশাসন | ঔষধ তত্ত্বাধায়ক, ঔষধ প্রশাসন, ঠাকুরগাঁও প্রতিনিধি বলেন যে, জুন ২০২৬ মাসে ৭৭টি ফার্মেসী পরিদর্শন করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনা করে জুন ২০২৬ মাসে ০৯টি ফার্মেসীকে ৪২,০০০/- টাকা জরিমানা করা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক ক্রয় ও বিক্রয় বন্ধে বহুল প্রচার ও মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ঔষধ তত্ত্বাধায়ক, ঔষধ প্রশাসন, ঠাকুরগাঁও |
| ৬৫ | পিটিআই | সুপারিনটেনডেন্ট, পিটিআই, ঠাকুরগাঁও বলেন যে, ১০ মাস মেয়াদি মৌলিক প্রশিক্ষণ ও পরিমার্জিত ডিপিএড (বিটিপিপি), পরীক্ষণ বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ও ইউআরসি এর কার্যক্রমসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। এছাড়া ইউপিইটিসি কর্মকর্তাদের বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করতে হবে। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, ঠাকুরগাঁও |
| ৬৬ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও বলেন যে, মাদকদ্রব্যের ব্যবহার ও বিক্রয় রোধে নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে। | মাদক বিরোধী প্রচারণাসহ সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৬৭ | সাধারণ বীমা কর্পোরেশন | শাখা ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, ঠাকুরগাঁও বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের শ্রমিকদের ইন্স্যুরেন্সের আওতায় আনয়নের জন্য উদ্বুদ্ধ করতে হবে। | শাখা ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, ঠাকুরগাঁও |
| ৬৮ | বিটিসিএল ঠাকুরগাঁও | সহকারী ব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, ঠাকুরগাঁও বলেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | সহকারী ব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, ঠাকুরগাঁও |
| ৬৯ | জেল সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও | জেল সুপার, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | জেল সুপার, জেলা কারাগার, ঠাকুরগাঁও |
| ৭০ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ | সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ঠাকুরগাঁও বলেন যে, আইন ও বিধি মোতাবেক সুনির্দিষ্ট হারে মূসক আদায় ও প্রত্যেক উৎসে কর কর্তনকারী প্রতিষ্ঠান থেকে প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে উৎসে কর কর্তন করা হয়। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আইন ও বিধি মোতাবেক উৎসে কর কর্তন করার বিষয়ে তদারকি করতে হবে। | সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ঠাকুরগাঁও |
| ৭১ | তুলা উন্নয়ন বোর্ড | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরে তুলা চাষের জমি জরিপ লক্ষ্যমাত্রা ৬৫৫ হেক্টর, অগ্রগতি ৬৬২ হেক্টর; তুলাচাষের লক্ষ্যমাত্রা ৫৭৪ হেক্টর, অগ্রগতি ৫৭০ হেক্টর; তুলা ফসলে প্রণোদনার লক্ষ্যমাত্রা ১৪০টি, অগ্রগতি ১৪০টি; প্রদর্শনীর লক্ষ্যমাত্রা ৫৬টি, অর্জন ৫৬টি এবং বীজ তুলার অগ্রগতি ১,৬১৫ মে.টন। এছাড়া ২০২৬-২৭ মৌসুমে তুলা জমি জরিপ, দলীয় আলোচনা, তুলা পরবর্তী ফসল নির্বাচন, প্রণোদনা, প্রদর্শনী ও সাধারণ তুলাচাষ বাস্তবায়ন কার্যক্রম চলমান। অন্যান্য দাপ্তরিক | ১) ২০২৬-২৭ মৌসুমে তুলাচাষ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) তুলা বীজ বপন পরবর্তী কার্যক্রম তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ৭২ | কৃষি বিপণন অধিদপ্তর | কৃষি বিপণন কর্মকর্তা, ঠাকুরগাঁও বলেন যে, কৃষি পণ্যের মূল্য স্বাভাবিক ও লাইসেন্স বৃদ্ধির লক্ষ্যে 'কৃষি বিপণন আইন ২০১৮' এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কৃষি পণ্যের মূল্য স্বাভাবিক রাখার লক্ষ্যে নিয়মিত তদারকি ও মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২) পার্টনার প্রকল্পের আওতায় অন-দ্যা-জব প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও<br>২। কৃষি বিপণন কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ৭৩ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, দিনাজপুর এর প্রতিনিধি বলেন যে, ঝুঁকিপূর্ণ সেক্টরে শিশুশ্রম নিরসনে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রম বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, দিনাজপুর |
| ৭৪ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঠাকুরগাঁও বলেন যে, জুন ২০২৬ মাসে ঠাকুরগাঁও জেলা হতে ১৭৬ জন কর্মী বিদেশ গমন করেন। এছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ১) দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে।<br>২) আগ্রহী কর্মীদের প্রবাসে প্রেরণের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করার জন্য সার্বিক সহযোগিতা অব্যাহত রাখতে হবে। এছাড়া বিদেশ গমনে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রশিক্ষণ ও জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঠাকুরগাঁও |
| ৭৫ | পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয় | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও বলেন যে, পরিবেশ ছাড়পত্রের আবেদন গ্রহণ ও নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে। শব্দ দূষণ ও বায়ু দূষণ রোধে জুন ২০২৬ মাসে ২টি মোবাইল কোর্ট পরিচালনা করে ২,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | পরিবেশ দূষণ রোধে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করতে হবে। এছাড়া দাপ্তরিক নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও |
| ৭৬ | জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঠাকুরগাঁও বলেন, এ জেলায় হিমায়িত সিমেন দ্বারা গাভীর প্রজনন জুন ২০২৬ পর্যন্ত ৫৩,০৮৭টি এবং তরল সিমেন দ্বারা গাভীর কৃত্রিম প্রজনন ২৪,৫২৫টি হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। অধিক দুধ ও মাংস উৎপাদনশীল গবাদি প্রাণির নতুন জাত উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঠাকুরগাঁও |
| ৭৭ | জেলা রেজিস্ট্রার, ঠাকুরগাঁও | সভায় অনুপস্থিত। তাঁর কার্যালয়ের কার্যক্রমসমূহ সম্পর্কে হালনাগাদ তথ্য অবহিত হওয়া সম্ভব হলো না। যা অনভিপ্রেত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | জেলা রেজিস্ট্রার, ঠাকুরগাঁও |
| ৭৮ | উপকর কমিশনার, ঠাকুরগাঁও সার্কেল | উপকর কমিশনার, ঠাকুরগাঁও সার্কেল সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপকর কমিশনার, ঠাকুরগাঁও সার্কেল |
| ৭৯ | জেলা সরকারি গণগ্রন্থাগার | সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, ঠাকুরগাঁও বলেন, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br>২) 'বই পড়া' প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, ঠাকুরগাঁও |
| ৮০ | প্রধান ডাকঘর | পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, ঠাকুরগাঁও |
| ৮১ | বাংলাদেশ রেলওয়ে, ঠাকুরগাঁও | স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে, ঠাকুরগাঁও রোড স্টেশন সভায় অনুপস্থিত। প্রেরিত কার্যপত্রে দেখা যায় যে, জুন ২০২৬ মাসে | ১) আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>২) সাইড লাইন স্থাপনের কার্যক্রম | স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে, |

| | | | | |
|---|---|---|---|---|
| | রোড স্টেশন | ঠাকুরগাঁও রোড স্টেশনের রাজস্ব আয় ১,০৫,৩২,৯২৫/- টাকা। এছাড়াও বিভাগীয় প্রকৌশলী, লালমনিরহাট এর তত্ত্বাবধানে সাইড লাইন স্থাপনের কার্যক্রম চলমান। | নিয়মিত তদারকি করতে হবে। | ঠাকুরগাঁও রোড স্টেশন |
| ৮২ | জাতীয় মহিলা সংস্থা | জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও বলেন, এ জেলায় ০৫টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের অধীন ০২টি বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ১,১৯,১৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮২%। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। ঋণ আদায়ের হার বাড়াতে হবে। | জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও |
| ৮৩ | বিআরটিএ, ঠাকুরগাঁও | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, ঠাকুরগাঁও বলেন যে, ড্রাইভিং লাইসেন্স প্রদান ও নবায়নে নিয়মিত পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জেলা ও উপজেলা পর্যায়ে নিবন্ধন বিহীন মোটরসাইকেল ও হেলমেট বিহীন চালকদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও<br>২) সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, ঠাকুরগাঁও |
| ৮৪ | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ঠাকুরগাঁও উপ-আঞ্চলিক কেন্দ্র | সহকারী আঞ্চলিক পরিচালক, ঠাকুরগাঁও উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী আঞ্চলিক পরিচালক, ঠাকুরগাঁও উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি, ঠাকুরগাঁও |
| ৮৫ | বাংলাদেশ টেলিভিশন, ঠাকুরগাঁও উপকেন্দ্র | উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, ঠাকুরগাঁও উপকেন্দ্র সভায় অনুপস্থিত। প্রেরিত কার্যপত্রে দেখা যায় যে, সম্প্রচারিত অনুষ্ঠান স্যাটেলাইট রিসিভারের মাধ্যমে রিসিভ করে টেরিস্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | ১) আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>২) টেরিস্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম পরিচালনা ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, ঠাকুরগাঁও উপকেন্দ্র |
| ৮৬ | জীবন বীমা কর্পোরেশন | জেনারেল ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | জেনারেল ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, ঠাকুরগাঁও |
| ৮৭ | কৃষি গবেষণা উপকেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা উপকেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর প্রতিনিধি বলেন যে, শীতকালীন ফসলের বীজ মাড়াই, গুদামজাতকরণ ও খরিপ মৌসুমের বীজ উৎপাদন কার্যক্রম চলমান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বীজ উৎপাদন ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা উপকেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট |
| ৮৮ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও বলেন যে, এ জেলায় ১১টি প্রকল্পের কাজ সমাপ্ত এবং হস্তান্তর প্রক্রিয়াধীন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) রুহিয়া ও ভূল্লী উপজেলায় ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণের বিষয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>২) সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও |
| ৮৯ | প্রবাসী কল্যাণ সেন্টার | সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ সেন্টার, ঠাকুরগাঁও বলেন যে, প্রবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণে ওয়েজ অনার্স কল্যাণ বোর্ড কর্তৃক আর্থিক অনুদান প্রাপ্তির তদন্ত প্রতিবেদন | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ সেন্টার, ঠাকুরগাঁও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২টি, বীমা প্রাপ্তির আবেদন ০৩টি ও প্রবাসে আটক কর্মী আনয়নের জন্য আবেদন ০২টি প্রেরণ করা হয়েছে। এছাড়া, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৯০ | পিজিসিবি, ঠাকুরগাঁও ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র | সহকারী প্রকৌশলী, পিজিসিবি, ঠাকুরগাঁও ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র এর প্রতিনিধি বলেন যে, এ উপকেন্দ্র হতে ৩৩ কেভি ভোল্টেজে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির ৮টি ফিডারে, দিনাজপুর-১ পল্লী বিদ্যুৎ সমিতির ২টি ফিডারে এবং নেসকো পিএলসি, ঠাকুরগাঁও এর ২টি ফিডারে বিদ্যুৎ সরবরাহ করা হয়ে থাকে। বর্তমানে গ্রিড উপকেন্দ্র এর ক্ষমতা ১৯১ এমভিএ এবং সর্বোচ্চ লোড ১২৭ মেগাওয়াট। এ গ্রিড উপকেন্দ্রের বিদ্যমান ক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় প্রয়োজনীয় লোডসেডিং দেয়া হচ্ছে। | বিদ্যমান ক্ষমতায় বিতরণকারী কোম্পানীসমূহের নিকট বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। বিদ্যুৎ সরবরাহ কম হলে প্রয়োজনীয় লোডসেডিং এর সময়সূচি বিতরণকারী কোম্পানীসমূহের সাথে সমন্বয় করে প্রণয়নপূর্বক তা জনসাধারণকে অবহিতকরণের লক্ষ্যে মাইকিং করতে হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, পিজিসিবি, ঠাকুরগাঁও ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র, ঠাকুরগাঁও |
| ৯১ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), ঠাকুরগাঁও | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), ঠাকুরগাঁও বলেন যে, জুন ২০২৬ মাসে এসআইসিআইপি মোটর ড্রাইভিং ১৮৮ জন, দেশ বিদেশে মোটর ড্রাইভিং ৮০ জন এবং প্রাক বহির্গমন ওরিয়েন্টেশন ১৪০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | বিভিন্ন ট্রেডে চলমান প্রশিক্ষণ কার্যক্রমসমূহ চলমান রাখতে হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), ঠাকুরগাঁও |
| ৯২ | দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও | উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও |
| ৯৩ | বিবিধ | ক) দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | জেলা ও উপজেলা পর্যায়ে বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও<br>২) জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোহাম্মদ রফিকুল হক
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ঠাকুরগাঁও
☎ ০২৫৮৯৯৩১০১১
dcthakurgaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০০৫.০৩.০০১.২৬-৪৫১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব/সচিব.............................................................................. বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ৯ নং পার্ক এভিনিউ ভবন (দশম তলা), রমনা, ঢাকা
৫। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৭। ........................................................................................ ঠাকুরগাঁও

মোঃ গোলাম ফেরদৌস
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ঠাকুরগাঁও